

106597 - কুরবানীর পশু ও হাদির পশুর যে বয়স হওয়া ওয়াজিব

প্রশ্ন

হাদির পশুর কি সুনির্দিষ্ট কোন বয়স আছে; যেটার চেয়ে কম বয়সী পশু জবাই করা জায়েয হবে না। আল্লাহ তাআলার বাণী: **فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ** এর অর্থ কী?

প্রিয় উত্তর

শরিয়তের দলিলগুলো প্রমাণ করে যে ভেড়ার বয়স ৬ মাস পূর্ণ হয়েছে, যে ছাগলের বয়স ১ বছর পূর্ণ হয়েছে, যে গরুর বয়স ২ বছর পূর্ণ হয়েছে এবং যে উটের বয়স পাঁচ বছর পূর্ণ হয়েছে। এর চেয়ে কম বয়সী হলে সেটা হাদি বা কুরবানীর পশু হিসেবে জায়েয হবে না। এটাই হচ্ছে আল্লাহর বাণী: **فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ** (তাহলে কুরবানীর পশু হিসেবে যা কিছু সহজলভ্য)[সূরা বাকারা, আয়াত: ১৯৬] এর অর্থ। যেহেতু কুরআন-হাদিসের এক দলিল অপর দলিলকে ব্যাখ্যা করে।

আল্লাহ তাওফিক দিন। আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পরিবারবর্গ ও সাথীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।[সমাপ্ত]

গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুর রাজ্জাক আফিফি, শাইখ আব্দুল্লাহ বিন গাদইয়ান, শাইখ আব্দুল্লাহ বিন কুযুদ।
[ফাতাওয়ালা লাজনাদ দায়িমা (১১/৩৭৬)]